**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**25 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================================

উপ রাষ্ট্রপতি জগদীপ  ধনখড় আগামী ২৭ শে অক্টোবর , রবিবার গুয়াহাটীতে সফরে আসছেন । উপ-রাষ্ট্রপতি শ্রীধনকড়  এই সফরকালে বরপেটার রাউলির কৃষ্ণগুরু আর্ন্তজাতিক আধ্যাতিক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে অংশ নেবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭ শে অক্টোবর আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১১৫ তম পর্ব ।

এই পর্বের জন্য প্রধানমন্ত্রী জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন । জনসাধারণ ১৮০০ -১১ -৭৮০০ এই শুল্কবিহীন নম্বরে ফোন করে  পরামর্শ দিতে পারবেন । সেইসঙ্গে নরেন্দ্র মোদী এ্যপ বা মাই গভট ওপেন ফোরামের মাধ্যমেও পরামর্শ দেওয়া যাবে । আজ মধ্য রাত  পর্যন্ত ফোন লাইন খোলা থাকবে ।

আকাশবাণী-দূরদর্শনের সবকটি নেটওয়র্ক সহ আকাশবাণী নিউজের ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যপের মাধ্যমে এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবানি ,দূরদর্শন নিউজ ,প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার

মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবানী প্রধানমন্ত্রীর মন কী বাত প্রচারের অব্যবহিত পরেই অনুষ্ঠানটির আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

---

রাজ্যের ধলাই সহ পাঁচটি বিধানসভা আসনের উপ নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা করার আজ হচ্ছে শেষ দিন ।

গতকাল আরো ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন । এ নিয়ে রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে এ পর্যন্ত ১৪ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা করেছেন ।

ধলাই আসনে বিজেপি প্রার্থী নিহাররঞ্জন দাস ও নির্দল প্রার্থী অমিয় কান্ত দাস গতকাল মনোনয়ন পত্র জমা করেন । বিজেপি প্রার্থী নিহার রঞ্জন দাসের সঙ্গে জেলার অভিবাবক মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া সহ দলের শীর্ষ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।

এদিকে সামাগুড়ি আসনের কংগ্রেস প্রার্থী তানজিল হুসেইন গতকাল মনোনয়ন পত্র জমা করেন । মনোনয়নপত্র জমা করার সময় সাংসদ গৌরব গগৈ , রকিবুল হুসেইন ও বিধানসভার বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া উপস্থিত ছিলেন । এই আসনে বিজেপি প্রার্থী দিপ্লুরঞ্জন শর্মা আজ মনোনয়ন পত্র জমা করবেন ।

সিদলী বিধানসভা আসনে গতকাল এন ডি এ সমর্থিত ইউ পি পি এল এর প্রার্থী নির্মল কুমার ব্রহ্ম মিত্রজোটের বেশ কয়েকজন নেতার উপস্থিতিতে কাজলগ্রামে জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়ন পত্র জমা করেন । এই আসনের কংগ্রেস প্রার্থী সঞ্জীব ওয়ারী গত বুধবার

মনোনয়নপত্র জমা করেন । এদিকে  কংগ্রেস দল বিহালী আসনের জন্য জয়ন্ত বরাকে  প্রার্থীত্ব প্রদান করে । এই আসনটি আসাম সম্মিলিত মোর্চার প্রার্থীকে প্রদান করার কথা থাকলেও শেষ মুহুর্তে কংগ্রেস দলীয় প্রার্থীকে মনোনয়ন দিয়েছে ।

---

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট আগামী ২৭শে অক্টোবর অনুষ্ঠেয় অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চতুর্থ শ্রেনীর পদের লিখিত পরীক্ষার জন্য কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে পরীক্ষার্থীরা পরীক্ষা হলে মোবাইল ফোন , স্মার্ট ঘড়ি , হেলথ ব্যান্ড , ইলেকট্রনিক পেন , ক্যালকুলেটার , পেনড্রাইভ ,কাগজের বিট নিয়ে প্রবেশ করতে পারবেন না । এছাড়া জেলা ম্যাজিষ্ট্রেট মৃদুল যাদব ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা -২০২৩ এর ১৬৩ ধারার অধীনে প্রতিটি পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ও অনুমোদিত ব্যাক্তি ছাড়া জমায়েত নিষিদ্ধ করেছেন  ।

---

এদিকে  মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা  জানিয়েছেন যে আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চতুর্থ শ্রেণীর পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে পরিচালনার জন্য সব প্রচেষ্টা অব্যাহত রয়েছে । পরীক্ষার্থীদের যাতায়াতে ক্ষেত্রে সুবিধা প্রদানের উদ্দেশ্যে উত্তরপূর্ব সীমান্ত রেল আগামী ২৭শে অক্টোবর বিশেষ ট্রেন চালানোর  ব্যবস্থা গ্রহণ করেছে ।

---

কাছাড় জেলা নির্বাচনী আধিকারীকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে ধলাই উপ-নির্বাচনের জন্য আজ শিলচর কাছাড় কলেজে মাষ্টার ট্রেনারদের

প্রশিক্ষন অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে প্রশিক্ষনের প্রথম পর্ব সকাল ১০টা থেকে দুপুর একটা পর্য্যন্ত এবং দ্বিতীয় পর্ব দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে চারটা পর্য্যন্ত অনুষ্টিত হবে । প্রশিক্ষন গ্রহনের ভোট কর্মীদের আধ ঘন্টা আগে প্রশক্ষিন স্থলে আসতে অনুরোধ করা হয়েছে ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় নভেম্বর মাসের প্রধানমন্ত্রী গরিব কল্যান অন্ন যোজনার চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে অন্তোদয় অন্ন যোজনার অধীনে কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ড প্রতি পাঁচ কিলোগ্রাম করে অতিরিক্ত চাল বরাদ্দ করা হয়েছে । জেলার রেশন দোকান মালিকদের আগামী ৩১শে অক্টোবের মধ্যে চাল সংগ্রহ করে অন্ন সেবার দিনগুলিতে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

\

---

করিমগঞ্জের জেলা ক্রীড়া আধিকারিক জিমলি বরা আকাশবানীর সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে জানিয়েছেন যে আগামী ১৩ই নভেম্বর থেকে অনুষ্ঠেয় খেল মহারণের জন্য জেলায় এপর্য্যন্ত এক লক্ষ ৪৫ হাজারেরও অধিক খেলোয়াড় নাম নথিভুক্ত করেছেন । শ্রীমতি বরা জানান যে ১৩ই নভেম্বর থেকে ২০ নভেম্বর পর্য্যন্ত গ্রাম পঞ্চায়েত স্তরের প্রতিযোগীতা অনুষ্টিত হবে । এছাড়া আগামী দোসরা ডিসেম্বর থেকে ৮ই ডিসেম্বর পর্য্যন্ত বিধানসভা ভিত্তিক , ১৫ই ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বরের মধ্যে জেলা পর্য্যায়ের প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । এবছর সংযোজন করা নতুন খেলাগুলির মধ্যে রয়েছে দাবা, সাঁতার এবং ট্রেডিশনাল সাইক্লিং ।

---

==================================================================